



জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ

স্মারক নং : জাতীঃবিঃ/পনি/মাফা/৯০/২০০২/২০২৩/২০২৬/১০২২

তারিখঃ ১৮/০১/২০২৬


ফরম পূরণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি/এম মিউজ/লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স/আইসিটি শেষ পর্ব (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত স্মারক নং : জাতীঃবিঃ/পনি/মাফা/৯০/২০০২/২০২৩/ ২০২৬/১০১৯, তারিখঃ ২৩/১২/২০২৫ মোতাবেক প্রকাশিত বিজ্ঞপ্তির ৮ নং শর্তাবলীর সংশোধনী নিম্নরূপঃ

৮। কলেজ কর্তৃক করণীয়ঃ-

- ২০২৩ সালের মাস্টার্স শেষপর্ব পরীক্ষায় প্রথমবারের সকল পরীক্ষার্থীদের ইনকোর্স ও টার্ম পেপারের নম্বর info.nu.ac.bd ওয়েব সাইটে এন্ট্রি দিতে হবে। কলেজ পোর্টালে ইউজার আইডি ও পাসওয়ার্ড দেওয়া হয়েছে। এন্ট্রিকৃত শিক্ষার্থীদের ডাটা on-line এ (Probable Candidate List) দেওয়া হবে।
- পরীক্ষার্থীগণের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি On-line-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীগণের তালিকা (Probable Candidate List)-এর সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে College Log-in এ প্রবেশ করে বিভাগীয় প্রধান নিশ্চয়ন করবেন অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in এর জন্য ওয়েবসাইটে College Code কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।
- কলেজ কর্তৃক অনলাইনে যে সকল শিক্ষার্থীদের ইনকোর্স ও টার্ম পেপার নম্বর এন্ট্রি নিশ্চিত করবেন, শুধুমাত্র সেই সকল শিক্ষার্থী ফরম পূরণের আবেদন করতে পারবে। পরবর্তীতে আবেদনকৃত শিক্ষার্থীগণ ফরম পূরণের আবেদন কলেজে জমা দিলে উক্ত পরীক্ষার্থীদের আবেদন কলেজ কর্তৃপক্ষ নিশ্চয়ন করবেন। শুধুমাত্র নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশ পত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে on-line-এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।
- প্রত্যেক পরীক্ষার্থীগণের সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে।
- বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

এছাড়া স্মারক নং- জাতীঃবিঃ/পনি/মাফা/৯০/২০০২/২০২৩/২০২৬/১০১৯, তারিখঃ ২৩/১২/২০২৫-বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।


(মোঃ এনাযুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

ফোনঃ ০২৯৯৬৬৯১৫১৭

ই-মেইল: controller@nu.ac.bd